৩

# যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি

**(Juboka Khatigrostho Janokallyan Society)**

(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত)

রেজি নং- এস-১১৮০৩

সূত্র : তারিখ : ২৫/২/১৪......

বরাবর,

উপ-পুলিশ কমিশনার (মতিঝিল বিভাগ)
ঢাকা মেট্রো পলিটন পুলিশ, ঢাকা।

বিষয়ঃ যুবকে জমাকৃত অর্থ আদায় গ্রাহক সংগ্রাম কমিটির নাম পরিবর্তন করে সরকারী রেজিষ্ট্রেশনের মাধ্যমে "যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি" নামে নামকরন করা হয়েছে যার রেজিঃ নং- এস-১১৮০৩, অবগতি পত্র প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা যুব কর্ম সংস্থান সোসাইটি (যুবক) কর্তৃক আত্মসাৎকৃত ক্ষতিগ্রস্থ অসহায় জনগনের টাকা ফেরত পাওয়ার নিমিত্তে গত ২০০৮ সাল থেকে প্রায় ছয় বছর যাবৎ যুবকে জমাকৃত অর্থ আদায় গ্রাহক সংগ্রাম কমিটি নামে টাকা আদায়ের আন্দোলন করে আসছিলাম। বিগত চার বৎসর যাবৎ আমরা ৫৩/১ রহমত মঞ্জিলে আমাদের কার্যক্রম পরিচালনা করে আসছি এই মর্মে আপনার বরাবরে, অফিসার ইন-চার্জ, পল্টন মডেল থানা কর্তৃক ১১/১০/২০১১ ইং তারিখের একটি প্রতিবেদন কপি সংযুক্ত করা হলো। পরবর্তীতে উক্ত নাম পরিবর্তন করে গত ০৩/১২/২০১৩ তারিখে জয়েন্ট ষ্টক কোম্পানীজ এন্ড ফার্মস বানিজ্য মন্ত্রনালয়ের তরফ থেকে সোসাইটি রেজিষ্ট্রেশন এ্যাক্ট ১৮৬০ সালের ২১নং আইনের আওতায় "যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি" নামে সংস্থাটি রেজিষ্ট্রেশন করি। যার রেজি নং- এস-১১৮০৩ এর রেজিষ্ট্রেশন ফটোকপি সংযুক্ত করা হল। বর্তমানে সংস্থার সভাপতি জনাব মোহাম্মদ উল্যাহ্ চৌধুরী, সাধারণ সম্পাদক মোঃ মাহমুদ হোসেন (মকুল)। প্রাক্তন সভাপতি ছিলেন- জনাব আকরাম উদ্দিন।

অতএব, মহোদয়ের নিকট আবেদন নাম করনের বিষয়টি আপনাকে অবগত করছি এবং "যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটির সদস্যবৃন্দকে সার্বিক সহযোগিতা করার সবিনয় অনুরোধ করছি।

তারিখঃ ২৫/০২/২০১৪ ইং।

বিনীত নিবেদক

(স্বাক্ষর)

মোহাম্মাদ উল্যাহ চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা
সভাপতি
যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি

(স্বাক্ষর)

মোঃ মাহমুদ হোসেন (মুকুল)
সাধারণ সম্পাদক
যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি

অনুলিপি প্রদানঃ

১। অফিসার ইন-চার্জ
পল্টন মডেল থানা
ঢাকা মেট্রোপলিটন পুলিশ।

সংযুক্তঃ

১। যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটির রেজিষ্ট্রেশনের ফটোকপি।

প্রধান কার্যালয় ঃ ৫৩/১, পুরানা পল্টন লেইন, রহমত মঞ্জিল, ঢাকা-১০০০।

# যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি

(Jubaka Khatigrostho Janokallyan Society)

(গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অনুমোদিত)


সূত্র : তারিখ : ১০/৩/১৪

বরাবর,

উপ-পুলিশ কমিশনার (মতিঝিল বিভাগ)
ঢাকা মেট্রো পলিটন পুলিশ, ঢাকা।

বিষয়ঃ যুবকে জমাকৃত অর্থ আদায় গ্রাহক সংগ্রাম কমিটির নাম পরিবর্তন করে সরকারী রেজিস্ট্রেশনের মাধ্যমে "যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি" নামে নামকরন করা হয়েছে যার রেজিঃ নং- এস-১১৮০৩, অবগতি পত্র প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমরা যুব কর্ম সংস্থান সোসাইটি (যুবক) কর্তৃক আত্নসাৎকৃত ক্ষতিগ্রস্থ অসহায় জনগনের টাকা ফেরত পাওয়ার নিমিত্তে গত ২০০৮ সাল থেকে প্রায় ছয় বছর যাবৎ যুবকে জমাকৃত অর্থ আদায় গ্রাহক সংগ্রাম কমিটি নামে টাকা আদায়ের আন্দোলন করে আসছিলাম। বিগত চার বৎসর যাবৎ আমরা ৫৩/১ রহমত মঞ্জিলে আমাদের কার্যক্রম পরিচালনা করে আসছি এই মর্মে আপনার বরাবরে, অফিসার ইন-চার্জ, পল্টন মডেল থানা কর্তৃক ১১/১০/২০১১ ইং তারিখের একটি প্রতিবেদন কপি সংযুক্ত করা হলো। পরবর্তীতে উক্ত নাম পরিবর্তন করে গত ০৩/১২/২০১৩ তারিখে জয়েন্ট ষ্টক কোম্পানীজ এন্ড ফার্মস বানিজ্য মন্ত্রনালয়ের তরফ থেকে সোসাইটি রেজিস্ট্রেশন এ্যাক্ট ১৮৬০ সালের ২১নং আইনের আওতায় "যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি" নামে সংস্থাটি রেজিষ্ট্রেশন করি। যার রেজি নং- এস-১১৮০৩ এর রেজিষ্ট্রেশন ফটোকপি সংযুক্ত করা হল। বর্তমানে সংস্থার সভাপতি জনাব মোহাম্মদ উল্যাহ চৌধুরী, সাধারণ সম্পাদক মোঃ মাহমুদ হোসেন (মুকুল)। প্রাক্তন সভাপতি ছিলেন- জনাব আকরাম উদ্দিন।

অতএব, মহোদয়ের নিকট আবেদন নাম করনের বিষয়টি আপনাকে অবগত করছি এবং "যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটির সদস্যবৃন্দকে সার্বিক সহযোগিতা করার সবিনয় অনুরোধ করছি।

তারিখঃ ১০/০৩/২০১৪ ইং।

পল্টন মডেল থানা
ডি.এম.পি-ঢাকা
১০/৩/১৪

বিনীত নিবেদক

মোঃ উল্যা চৌধুরী

মোহাম্মাদ উল্যাহ চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা
সভাপতি
যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি

অনুলিপি প্রদান:

১। অফিসার ইন-চার্জ
পল্টন মডেল থানা
ঢাকা মেট্রোপলিটন পুলিশ।

সংযুক্ত:

১। যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটির রেজিষ্ট্রেশনের ফটোকপি
২। পুলিশ প্রতিবেদন কপি।

মাহমুদ হোসেন

মোঃ মাহমুদ হোসেন (মুকুল)
সাধারণ সম্পাদক
যুবকে ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি
মোবাইল- ০১৭১০৭৫৭৫৭৫

২৫

29 NOV 2022
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
মোহাম্মদপুর থানা কার্যালয়
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

স্মারক নং- মোঃপুর থানা(রিট):-২২/ ১০৫৭৭ তারিখঃ-২৮/১১/২০২২ খ্রিঃ।

বরাবর,
উপ-পুলিশ কমিশনার (তেজগাঁও বিভাগ)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

বিষয় ঃ মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-২৩০৮/২০২২ সংক্রান্তে মাননীয় পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা মহোদয়ের পক্ষে জবাব প্রস্তুতের নিমিত্তে তথ্য প্রেরণ।
সূত্র ঃ- জি-১৮৯৬, ডিসি (তেজগাঁও বিভাগ), তারিখ-১৮/০৯/২০২২ খ্রিঃ।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক নিবেদন এই যে, উপর্যুক্ত বিষয়ের আলোকে প্রতিবেদন দাখিল করিতেছি যে, মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-২৩০৮/২০২২ সংক্রান্তে মাননীয় পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা মহোদয়ের পক্ষে জবাব প্রস্তুতের নিমিত্তে তথ্য প্রেরন প্রসঙ্গে পত্র থানায় প্রাপ্তির পর পুলিশ পরিদর্শক জনাব মোহাম্মদ তোফাজ্জল হোসেন এর মাধ্যমে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করছি যে, যুব কর্মসংস্থান সোসাইটি এর গ্রাহকদের জমাকৃত অর্থ পরিশোধ ও হয়রানী বন্ধ, স্থাবর-অস্থাবর সম্পত্তি বিক্রি/হস্তান্তরের স্থগিতাদেশ ও প্রশাসক নিয়োগ করে স্থায়ী সমাধানকল্পে ডঃ ফরাসউদ্দিন কমিশন (১ম কমিশন), মোঃ রফিকুল ইসলাম কমিশন (২য় কমিশন) এবং আন্তঃমন্ত্রণালয় কমিটি (৩য় কমিশন) এর প্রতিবেদন ও সুপারিশ সমূহ বাস্তবায়নে গৃহীত কার্যক্রমের উপর রিট পিটিশনটি দায়ের করা হয়। উল্লেখিত রিট সংক্রান্তে যুবক ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি, প্রধান কার্যালয়, ১৬/৩, ব্লক-এফ, হাজী চিনু মিয়া রোড, টিক্কাপাড়া, মোহাম্মদপুর, ঢাকায় সরেজমিনে তদন্তে জানা যায়, যুব কর্মসংস্থান সোসাইটি এর অনুকূলে ইতিপূর্বে ৩,০৩,৭৩৯ জন গ্রাহক কর্তৃক বিনিয়োগকৃত ২৫২৮ কোটি ১১ লক্ষ টাকা আত্মসাৎ করেছে। সে বিষয়ে অত্র থানার গুরুত্বপূর্ণ রেজিষ্টার পর্যালোচনায় যুব কর্মসংস্থান সোসাইটির বিরুদ্ধে কোন অভিযোগ/মামলা/গ্রেফতারী পরোয়ানা মুলতবী নাই। তবে জনাব মাহমুদ হোসেন মুকুল, সাধারন সম্পাদক, যুবক ক্ষতিগ্রস্থ জনকল্যান সোসাইটি, ১৬/৩, ব্লক-এফ, হাজী চিনু মিয়া রোড, টিক্কাপাড়া, মোঃপুর, ঢাকা, মোবা-০১৭১০-১৫৭৫৭৫ কে জিজ্ঞাসাবাদে জানা যায়, যুব কর্মসংস্থান সোসাইটি এর কর্ণধার ১। আবু মোঃ সাঈদ, পিতা-মৃত আশিক উদ্দিন, চেয়ারম্যান, যুব কর্মসংস্থান সোসাইটি, বিকে টাওয়ার, ৫৩/১ পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০ গংদের বিরুদ্ধে পল্টন থানার মামলা নং-২৩/২৬২, তারিখ ঃ-১৫/০৭/২০১৪, ধারা-১৮৬০ সালের পেনাল কোড ১৯৩/৪০৬/৪২০/১০৯ রুজু হয় এবং উক্ত মামলায় তদন্ত শেষে বিজ্ঞ আদালত পুলিশ রিপোর্ট প্রাপ্তীর পর অভিযোগের সত্যতার ফলে আসামী ১। হোসেন আল মামুন (৬২), পিতা- মৃত শামছুল হক, সাং-২১৭/সি, খিলগাঁও, ঢাকা, ২। মোঃ মনির উদ্দিন (৬০), পিতা-মৃত মোঃ হাবিবুল্লাহ, নির্বাহী পরিচালক, যুব কর্মসংস্থান সোসাইটি, ৫৩/১, পুরানা পল্টন, ঢাকা, ৩। সৈয়দ রশিদুল হক চৌধুরী (৪৬), পিতা-মৃত সৈয়দ নুরুল হুদা চৌধুরী, নির্বাহী পরিচালক, যুবক কর্মসংস্থান, ৫৩/১, পুরানা পল্টন, ঢাকা, ৪। মিসেস রহিমা খাতুন (৫০), স্বামী মোঃ মনির উদ্দিন, নির্বাহী পরিচালক, যুবক কর্মসংস্থান, সাং-৫৩/১, পুরানা পল্টন, ঢাকা, ৫। মিসেস তাহামিনা খাতুন (৫০), স্বামী হোসেন আল মামুন, সাং-২১৭/সি, খিলগাঁও আবাসিক এলাকা, থানা-খিলগাঁও, ঢাকা, ৬। হাবিবুল্লাহ মিয়া (৪৫), পিতা-কাজী মাইউদ্দিন মিয়া, সাং-চানপুর, থানা-বন্দর, জেলা-নারায়নগঞ্জ, ৭। মিসেস মাহবুবা @ মীনা (৪৫), স্বামী সৈয়দ রশিদুল হুদা চৌধুরী, নির্বাহী পরিচালক, যুবক কর্মসংস্থান সোসাইটি, সাং-৫৩/১, পুরানা পল্টন, ঢাকাদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা ইস্যু করা হয় মর্মে জানা যায়। আসামী আবু মোঃ সাঈদ, পিতা-আশিক উদ্দিন, চেয়ারম্যান, যুব কর্মসংস্থান সোসাইটি, বিকে টাওয়ার, ৫৩/১ পুরানা পল্টন, ঢাকা গত২৪/০৫/২০১৭ তারিখে মৃত্যুবরন করায় পল্টন থানার অভিযোগপত্র নং-২৯১, তারিখ-২৮/০৬/২০২১ ইং মুলে পুলিশ রিপোর্ট হতে অব্যাহতি প্রদান করা হয় মর্মে প্রাথমিক তদন্তে জানা যায়।

ইহা আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য দাখিল করিলাম।

দাখিলকারী

সংযুক্ত ঃ-মুল স্মারকসহ
১। ডঃ ফরাস উদ্দিন কমিশনের প্রতিবেদন ০৫ পাতা।
২। মোঃ রফিকুল ইসলাম কমিশনের প্রতিবেদন ০৮ পাতা
৩। আন্তঃমন্ত্রণালয় কমিটির প্রতিবেদন ১৬ পাতা।
৪। পল্টন থানার রুজুকৃত মামলার এফআইআরসহ আনুসঙ্গিক কাগজপত্র ৬২ পাতা।
৫। বিজ্ঞ আদালত হইতে ইস্যুকৃত গ্রেফতারী পরোয়ানা ০৭ পাতা।
৬। রিট পিটিশন নং-২৩০৮/২০২২ এর আরজির ২৯ পাতা।

২৮/১১/২২
(আবুল কালাম আজাদ)
বিপি নং-৮০০৬০৯৮৫১৬
অফিসার ইনচার্জ
মোহাম্মদপুর থানা।
ডিএমপি, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার (তেজগাঁও বিভাগ) এর কার্যালয়
ঢাকা মেট্রোপলিটন পুলিশ
২২/৫ খিলজী রোড, মোহাম্মদপুর, ঢাকা।
ওয়েবসাইট-www.police.gov.bd

স্মারক নং-ডিসি(তেজগাঁও বিভাগ)(প্রসঃ)/২০২২/ ২-২৮৫০ তারিখ- ৩০ /১১/২০২২ খ্রিঃ।

প্রতি

পুলিশ কমিশনার
ঢাকা মেট্রোপলিটন পুলিশ
ঢাকা।

বিষয়ঃ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ২৩০৮/২০২২ সংক্রান্তে মাননীয় কমিশনার, ডিএমপি, ঢাকা মহোদয়ের পক্ষে জবাব প্রস্তুতের নিমিত্তে তথ্য সম্বলিত প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ- ডিএমপি সদর দপ্তর স্মারক নং /লিঃ এ্যাঃ/ ক্রিঃমিঃ-/২- ২১/ রিট-৮৯/১৩৯০ তারিখ ১৫/০৯/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের নির্দেশনা মোতাবেক অফিসার ইনচার্জ, মোহাম্মদপুর থানা, ডিএমপি, ঢাকা মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং ২৩০৮/২০২২ সংক্রান্তে মাননীয় কমিশনার, ডিএমপি, ঢাকা মহোদয়ের পক্ষে জবাব প্রস্তুতের নিমিত্তে তথ্য সম্বলিত প্রতিবেদন দাখিল করেছেন। তার দাখিলকৃত প্রতিবেদন আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত - মোট ১২৭ (একশত সাতাশ) পাতা।

(এইচ, এম আজিমুল হক পিপিএম-সেবা)
বিপি-৭৮০৩১১৫৪৯২
উপ পুলিশ কমিশনার
তেজগাঁও বিভাগ
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
ফোন-৪১০২২৯২৭, ফ্যাক্স-৪১০২২৯২৪।
Email : dctejgaon@dmp.gov.bd

৬। রিট পিটিশন নং-২৩০৮/২০২২ এর আরজির ২৯ পাতা।

অফিসার ইনচার্জ
মোহাম্মদপুর থানা।
ডিএমপি, ঢাকা।